দৈনিক
ইত্তেফাক

- 4 JUN 2017

# জাবিতে হল খুলছে ৮ জুন

## ৮ দফা দাবিতে ঐক্যমঞ্চের সংবাদ সম্মেলন

■ জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) সকল আবাসিক হল খুলছে আগামী ৮ জুন। তবে হল খুললেও ক্লাস পরীক্ষা শুরু হবে ৯ জুলাই। শনিবার দুপুরে জরুরি এক সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয় বলে জানান বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক। তিনি জানান, এছাড়া ৮ জুনের মধ্যে স্পিড ব্রেকার, গুরুত্বপূর্ণস্থানে সিসি ক্যামেরা স্থাপন, ফুট ওভারব্রিজ নির্মাণ, নিহতদের পরিবারকে ক্ষতিপূরণ প্রদান, যোগ্যতা অনুযায়ী প্রত্যেক পরিবার থেকে একজনকে বিশ্ববিদ্যালয়ে চাকরি দেওয়া, অবিলম্বে শিক্ষার্থীদের বিরুদ্ধে করা মামলা প্রত্যাহার না করে এ বিষয়ে আইন উপদেষ্টার পরামর্শ নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অন্যদিকে ৮ দফা দাবিতে সংবাদ সম্মেলন করেছে বিশ্ববিদ্যালয় শিক্ষক-শিক্ষার্থী ঐক্যমঞ্চ। দাবিগুলো হলো, সকল মামলা প্রত্যাহার,তদন্ত কমিটি পুনর্গঠন, আবাসিক হলগুলো দ্রুত খুলে দেওয়া, আন্দোলনকারীদের উপর হামলাকারীদের বিচার,প্রক্টরের জবাবদিহিতা,অপরাধী চালককে খুঁজে বের করে আইনের আওতায় আনা,নিহত শিক্ষার্থীদের পরিবারকে ক্ষতিপূরণ ও নিরাপদ সড়ক নিশ্চিত করা। শনিবার নতুন কলা ভবনের শিক্ষক লাউঞ্জে লিখিত বক্তব্যে এ দাবিগুলো জানান তারা। এ সময় উপস্থিত ছিলেন অধ্যাপক নাসিম আখতার হোসাইন,অধ্যাপক এ এ মামুন, অধ্যাপক এ এস এম আনোয়ারুল্লাহ ভূঁইয়া, অধ্যাপক শামছুল আলম, সহযোগী অধ্যাপক রায়হান রাইন, সহযোগী অধ্যাপক আনিছা পারভীন জলি প্রমুখ। উল্লেখ্য, গত ২৬ মে বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী সড়ক দুর্ঘটনায় নিহত হওয়ার জেরে শিক্ষার্থীদের আন্দোলনের কারণে ২৮ মে সকল হল বন্ধ ঘোষণা করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর